দৈনিক সংবাদ

10 JAN 1988
পৃষ্ঠা ... কলাম 6

OC9

# রাঙ্গামাটিতে ৫২টি প্রাথমিক শিক্ষকের পদ শূন্য ।। লেখাপড়া ব্যাহত হচ্ছে

রাঙ্গামাটি, ৮ই জানুয়ারী (নিজস্ব সংবাদদাতা)। -রাঙ্গামাটি জেলায় প্রাথমিক শিক্ষা বিঘ্নিত হচ্ছে।

সরকার ঘোষিত নতুন পদে নিয়োগ প্রদানে বাধ্যবাধকতা থাকা সত্ত্বেও পার্বত্যাঞ্চলের প্রাথমিক শিক্ষক নিয়োগ উন্মুক্ত রাখার পরও এ জেলায় এখনও পর্যন্ত ৫২টি পদ শূন্য রয়েছে। রাঙ্গামাটি শহরাঞ্চলের সরকারী প্রাথমিক বিদ্যালয়গুলো ছাড়া অন্যান্য বিদ্যালয়ে ছাত্র-শিক্ষক আনুপাতিক হার বজায় রাখতে গিয়ে যে সংখ্যক শিক্ষক শিক্ষকা নিয়োজিত আছেন এতে লেখা-পড়া হচ্ছে না বললেই চলে। এ জেলায় মোট ৩৮৮টি সরকারী প্রাথমিক বিদ্যালয়ে কর্মরত আছেন ১২১৩ জন শিক্ষক। এর মধ্যে এমন ২০টি বিদ্যালয় আছে যেগুলোতে মাত্র ১ জন শিক্ষক নিয়োজিত আছে। ফলে সরকারী পর্যায়ে চালুকৃত ক্লাষ্টার ট্রেনিং উক্ত ২০টি বিদ্যালয়ের শিক্ষকরা গ্রহণ করতে পারেননি। এছাড়া তারা সরকারী কোন কাজে বা ছুটিতে গেলে বিদ্যালয়গুলো বন্ধ রাখতে হচ্ছে।

ইতিমধ্যে দেশের অন্যান্য জেলার ন্যায় ৪০:১ ছাত্র-শিক্ষক আনুপাতিক হার পার্বত্যাঞ্চলের ক্ষেত্রে পরিবর্তনের জন্য জেলা পর্যায়ের সুপারিশমালা উর্ধ্বতন মহলে পাঠানো হয়েছে; কিন্তু কোন কার্যকর পদক্ষেপ আজ পর্যন্ত গৃহীত হয়নি। এছাড়া শতকরা ষাট ভাগ সরকারী প্রাথমিক বিদ্যালয়ের আসবাবপত্র নেই। অনেক বিদ্যালয়ের ঘর ইতিমধ্যেই ভেঙ্গে পড়েছে।